ভোরের কাগজ

FEB. 12 2002

তারিখ ...............
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# শিক্ষামন্ত্রী ওসমান ফারুকের বক্তব্যের প্রতিবাদ করেছেন আওয়ামী লীগ নেতা মান্নান

কাগজ প্রতিবেদক : আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল মান্নান গতকাল সোমবার এক বিবৃতিতে গত রোববার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে শিক্ষক সমাবেশে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদের বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা সম্পর্কে যে মিথ্যা, ভিত্তিহীন, কাল্পনিক অভিযোগ এনে বক্তব্য রেখেছেন তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, ইতিপূর্বে ওসমান ফারুকের নেত্রী খালেদা জিয়া ও তার সহযোগী মোর্শেদ খানও জননেত্রী শেখ হাসিনা সম্পর্কে অশালীন, ধৃষ্টতাপূর্ণ ও হীন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত মিথ্যাচার করেছেন। আব্দুল মান্নান গভীর ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করে বলেন, জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশের মানুষকে কখনো তালেবান, উগ্রমৌলবাদী হিসেবে চিহ্নিত করেননি। যারা সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, নড়াইল, ঢাকা শহরসহ দেশের বিভিন্ন স্থানে 'আমরা হবো তালেবান, বাংলা হবে আফগান' বলে স্লোগান দিয়েছিল তাদের নিয়েই খালেদা জিয়া সরকার গঠন করেছেন। যারা নিজেদের তালেবান হিসেবে ঘোষণা করে বাংলাদেশে তালেবান স্টাইলে বিপ্লব করে বাংলাদেশকে আফগানিস্তানের মতো তালেবানি রাষ্ট্রে পরিণত করার স্বপ্ন দেখেছিল তাদেরকে তালেবান বলায় ফারুক সাহেবদের গা জ্বালা করে কেন? ফারুক সাহেব কি অস্বীকার করতে পারবেন আপনাদের মন্ত্রিসভায় তালেবান নেই?

আব্দুল মান্নান বিবৃতিতে বলেন, ওসমান ফারুকদের ক্ষমতার অংশীদার মতিউর রহমান নিজামী, আলী আহসান মুজাহিদ গংরাই দেশের বিভিন্ন স্থানে স্লোগান দিয়েছিল— আমরা হবো তালেবান, বাংলা হবে আফগান। আপনাদের আরেক অংশীদার শায়খুল হাদিসের যে সমাবেশ থেকে ঘোষণা করা হয়েছিল ইনশাল্লাহ এদেশে অচিরেই তালেবান সরকার প্রতিষ্ঠিত হবে এবং গোপালগঞ্জের মাটি থেকে এই আন্দোলনের সূচনা করা হবে। দেশের বিভিন্ন পত্র-পত্রিকায় কারা এই স্লোগান ও বক্তব্য দিয়েছিল তা ছাপা হয়েছে।